



পাওয়ার গ্রিড কোম্পানি অফ বাংলাদেশ লিঃ

POWER GRID COMPANY OF BANGLADESH LTD.

(An Enterprise of Bangladesh Power Development Board)

তথ্য অধিকার আইন-২০০৯ অনুযায়ী তথ্য চাওয়া এবং প্রাপ্তির পদ্ধতি/করণীয়

তথ্য চেয়ে আবেদনকারীর নাম, ঠিকানা, মোবাইল নম্বর, ই-মেইল এড্রেস এবং চাহিত তথ্য/সমূহের স্পষ্ট বর্ণনা সহ নির্ধারিত ফর্মে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বরাবরে আবেদন (পত্র মারফত/ই-মেইল)

কোম্পানি/সংস্থা কর্তৃক আবেদন গ্রহণ

তথ্য প্রদান প্রক্রিয়া ও সময়সীমা

২৪ ঘণ্টার মধ্যে প্রাথমিক তথ্য প্রদান (কারও জীবন, মৃত্যু, গ্রেফতার বা কারাগার হতে মুক্তি সংক্রান্ত জরুরি বিষয় হলে) {ধারা-৯(৪)}

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনধিক ২০ কার্য দিবসের মধ্যে তথ্য সরবরাহ করবেন {ধারা-৯(১)}

চাহিত তথ্যের সাথে একাধিক তথ্য প্রদান ইউনিট/কর্তৃপক্ষের সংশ্লিষ্টতা থাকলে অনধিক ৩০ কার্য দিবসের মধ্যে {ধারা-৯(২)}

চাহিত তথ্য প্রদানে অপারগ হলে অপারগতার কারণ উল্লেখ করে ১০ কার্যদিবসের মধ্যে আবেদনকারীকে অবহিত করা {ধারা-৯(৩)}

কোম্পানি/সংস্থা কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে তথ্য না দিলে সংস্কৃত ব্যক্তি কি করবেনঃ

সংস্কৃত ব্যক্তি ধারা ৯ এর উপ ধারা (১), (২) বা (৪) এ নির্ধারিত সময়সীমা শেষে ৩০ দিনের মধ্যে কিংবা যুক্তিসঙ্গত কারণে এর পরে আপীল কর্তৃপক্ষের নিকট আপীল করবেন {ধারা-২৪(১)}

আপীল কর্তৃপক্ষ আবেদনের ১৫ দিনের মধ্যে চাহিত তথ্য সরবরাহের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ দিবেন {ধারা-২৪(৩ক)}

আপীল কর্তৃপক্ষের বিবেচনায় আবেদনটি গ্রহণযোগ্য না হলে ১৫ দিনের মধ্যে আপীল আবেদনটি খারিজ করে দিবেন {ধারা-২৪(৩খ)}

নির্দেশ প্রাপ্তির তারিখ হতে ক্ষেত্র মতে ২৪ ঘণ্টা/২০ কার্য দিবস/৩০ কার্য দিবসের মধ্যে তথ্য দিবেন {ধারা-২৪(৪)}

আপীলের সিদ্ধান্তে সংস্কৃত হলে সংস্কৃত ব্যক্তি কি করবেনঃ

সংস্কৃত ব্যক্তি ৩০ দিনের মধ্যে কিংবা যুক্তিসঙ্গত কারণ থাকলে এর পরে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারবেন। {ধারা-২৫(২)}

অভিযোগ গ্রহণ/প্রাপ্তির ৩০ দিনের মধ্যে সংশ্লিষ্ট অভিযোগের অনুসন্ধান করে প্রধান তথ্য কমিশনার বা ক্ষেত্রমতে তথ্য কমিশনার তথ্য কমিশনের জন্য একটি সিদ্ধান্ত কার্যপত্র প্রস্তুত করবেন {ধারা-২৫(৬)}

তথ্য কমিশনের পরবর্তী সভায় উক্ত বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। কমিশন সাধারণত ৪৫ দিনের মধ্যে নিষ্পন্ন করবেন। তবে বর্ধিত সময়ের প্রয়োজন হলে সর্বোচ্চ ৭৫ দিনের মধ্যে অভিযোগ নিষ্পত্তি করবেন। {ধারা-২৫(১০)}

Jahangir

31